যুগান্তর

তারিখ ..12 FEB 2016...
পৃষ্ঠা ...2... কলাম ...6......

শিক্ষার্থী-অভিভাবকদের ক্ষোভ

# মুরাদনগরে এসএসসিতে ভুল প্রশ্নপত্র সরবরাহ : তদন্ত কমিটি

**কুমিল্লা ব্যুরো ও মুরাদনগর প্রতিনিধি**

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন মুরাদনগর উপজেলার একটি এসএসসি পরীক্ষা কেন্দ্রে নিয়মিত পরীক্ষার্থীদের অনিয়মিত প্রশ্ন সরবরাহ করে পরীক্ষা নেয়ার ঘটনা ঘটেছে। পরীক্ষা শেষে বিষয়টি শিক্ষার্থীরা টের পেয়ে হট্টগোল সৃষ্টি করে। খবর পেয়ে কেন্দ্রে ছুটে যান স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা। বৃহস্পতিবার চাপিতলা অজিফা খাতুন উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে। ঘটনা তদন্তে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আজগর আলীকে প্রধান করে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

জানা যায়, বৃহস্পতিবার ওই কেন্দ্রে হিন্দু ধর্ম পরীক্ষা শুরু হলে ৯ জন নিয়মিত পরীক্ষার্থীকে ভুলবশত অনিয়মিত পরীক্ষার্থীদের এমসিকিউ প্রশ্নপত্র সরবরাহ করা হয়। ওই প্রশ্নপত্রে পরীক্ষা শেষ করার পর বিষয়টি জানাজানি হলে পরীক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে উঠে। এ সময় কেন্দ্র সচিবের দায়িত্বে ছিলেন উপজেলার বাখরনগর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুল ইসলাম। খবর পেয়ে স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা পরীক্ষা কেন্দ্রে ছুটে যান। এ নিয়ে বিকেল থেকে সন্ধ্যা পর্যন্ত পরীক্ষার্থীরা হট্টগোল অব্যাহত রাখে। ভুল প্রশ্নপত্র সরবরাহের ঘটনায় অভিভাবকদের মাঝে ক্ষোভ ও হতাশা বিরাজ করছে। সন্ধ্যায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মনসুর উদ্দিন জানান, কেন্দ্রের দায়িত্বপ্রাপ্তদের ভুলের কারণে এ ঘটনা ঘটেছে। এ বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বোর্ড কর্তৃপক্ষকেও বিষয়টি জানানো হয়েছে। প্রসঙ্গত, বুধবার বোর্ডের একটি পরিদর্শক টিম ওই কেন্দ্র পরিদর্শনে গিয়ে বিপুল পরিমাণ নকল উদ্ধার করে। এ সময় কেন্দ্র সচিব স্কুলের প্রধান শিক্ষক মো. শাহজাহানকে বরখাস্ত করা হয়।